

তারিখঃ ১৬/০৬/২০২১ (পৃঃ ০২)

বিশ্বে ধান উৎপাদনে তৃতীয় স্থান ধরে রাখতে যাচ্ছে বাংলাদেশ : কৃষিমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) সাম্প্রতিক একটি প্রতিবেদনের কথা উল্লেখ করে কৃষিমন্ত্রী ড. মো. আবদুর রাজ্জাক বলেছেন, এফএওর প্রতিবেদন অনুযায়ী বাংলাদেশ পর পর তিনবার বিশ্বে ধান উৎপাদনে তৃতীয় স্থান ধরে রাখতে যাচ্ছে। ইন্দোনেশিয়াকে টপকে এ স্থান অর্জন করে বাংলাদেশ। এটি প্রমাণ করে করোনা ও নানা দুর্যোগ মোকাবিলা করে বাংলাদেশ খাদ্য উৎপাদনে ক্রমাগত ভালো করছে ও টেকসই উৎপাদন ব্যবস্থায় আছে।

কৃষিমন্ত্রী গতকাল রাজধানীর খামারবাড়িতে কৃষিবিদ ইনস্টিটিউশন (কেআইবি) মিলনায়তনে বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত 'বৃক্ষরোপণ কর্মসূচি-২০২১' উপলক্ষে আলোচনা সভায় এসব কথা বলেন।

কৃষিমন্ত্রী আরও বলেন, জলবায়ু পরিবর্তনের চরম ঝুঁকিপূর্ণ দেশের তালিকায় রয়েছে বাংলাদেশ।